

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
সোনাডাঙ্গা,খুলনা  
youth.khulna.gov.bd

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৪২.২৫২.২২- ৫২২

তারিখ : ১৬/০৪/২০২৪ খ্রিঃ

বিষয় : ১ (এক) মাস মেয়াদী ১১তম ব্যাচের (মে/২০২৪) যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট জেলা কার্যালয়(মূল কেন্দ্র) কর্তৃক আয়োজিত ০১ (এক) মাস মেয়াদী ১১তম ব্যাচের (মে/২০২৪) যানবাহন চালনা মূল কেন্দ্র বাগেরহাট প্রশিক্ষণ কোর্সে (সাব কেন্দ্র খুলনার মাধ্যমে) ভর্তির জন্য ২১-৩৫ বৎসর বয়সের বেকার যুব ও যুব নারী (খুলনা জেলার স্থায়ী/জাতীয় পরিচয়পত্রধারী বাসিন্দাদের) নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	আবেদন পত্র জমাদানের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ
০১	যানবাহন চালনা	ন্যূনতম ৮ম শ্রেণী পাস	২০ জন	২৫/০৪/২০২৪	তারিখঃ ২৯/০৪/২০২৪ সময় : সকাল ১০.০০ উপপরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর,সোনাডাঙ্গা,খুলনা	০২/০৫/২০২৪

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- আবেদনকারীকে উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা বরাবর নির্ধারিত আবেদন ফরমে আবেদন পত্র জেলা কার্যালয়ে জমা দিতে হবে এবং NISE<sup>3</sup> প্ল্যাটফর্মে অনলাইনের মাধ্যমে [dyd.nise.gov.bd](http://dyd.nise.gov.bd) তে ০২(দুই)টি ধাপ ০১। ব্যক্তিগত তথ্য পূরণ ও ০২। সংশ্লিষ্ট কোর্স নিবন্ধন উভয়টি দাখিল করতে হবে। আবেদনের সাথে অনলাইনের কপি খুলনা জেলা কার্যালয়ে জমা দিতে হবে।
- সহস্রে পূরণকৃত আবেদন ফরম (০১) নাম (বাংলা ও ইংরেজি) (২) পিতার নাম(৩) মাতার নাম (৪) জন্ম তারিখ (৫)বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেডার (১২) মোবাইল নম্বর (১৩)whatsapp (১৪) facebook ID যদি থাকে (১৫) ই-মেইল ঠিকানা (১৬) বিকল্প যোগাযোগ মোবাইল নম্বর (১৭) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ ( যদি থাকে )
- আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ািলিপি (খ)জাতীয় পরিচয়পত্র (NID) ছায়ািলিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।
- নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা জেলা কার্যালয় ([youth.khulna.gov.bd](http://youth.khulna.gov.bd)) থেকে বিনা মূল্যে সংগ্রহ করা যাবে।
- সাক্ষাৎের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু করতে হবে।

প্রশিক্ষকের শর্তাবলী :

- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালক বরাবরে দাখিল করতে হবে।
- প্রশিক্ষণ কালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- ইতোপূর্বে যারা লার্নারের জন্য আবেদন করেছেন বা ড্রাইভিং লাইসেন্স পেয়েছেন তাদের আবেদন গ্রহণ যোগ্য হবে না।
- চূড়ান্ত লাইসেন্স প্রাপ্তির পূর্বে অবশ্যই ভোপ টেস্টের সনদপত্র জমা দিতে হবে।
- কোন তথ্য গোপন করলে আবেদন ও ভর্তি উভয় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

  
(মোঃ মোস্তাক উদ্দীন)  
উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা